ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৫৫

আগরতলা,২৫ এপ্রিল,২০২৫

## আগরতলা পুরনিগম এলাকায় কাজের অগ্রগতি নিয়ে সভা

## বাধারঘাটে জাতীয় সড়কের উপর ফুট ওভার স্টিল ব্রিজ নির্মাণের জন্য মুখ্যমন্ত্রীর নির্দেশ

সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে আজ আগরতলা পুরনিগম এলাকায় চলমান বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিগম এলাকায় বর্ষাকালীন আগাম প্রস্তুতি, শহরে পার্কিং ব্যবস্থার উন্নতি সহ অন্যান্য উন্নয়নমূলক পরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় শুরুতে আগরতলা স্মার্ট সিটি লিমিটেড-এর সি.ই.ও. শৈলেশ কুমার যাদব শহরের ড্রেনেজ ব্যবস্থা, জল নিষ্কাশনের জন্য ব্যবহৃত পাম্পগুলির বর্তমান অবস্থা, শহরে পার্কিং ব্যবস্থা সহ অন্যান্য উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের বিষয় সচিত্র প্রতিবেদনের মাধ্যমে তুলে ধরেন।

সভায় মুখ্যমন্ত্রী অতি বৃষ্টিতে শহরের জমা জল দ্রুত নিষ্কাশনের জন্য বৈজ্ঞানিক উপায়ে ড্রেন নির্মাণ, জল নিষ্কাশন পাম্পগুলির বর্তমান অবস্থা এবং রক্ষণাবেক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। শহরের বিভিন্ন স্থানে ইলেকট্রনিক ট্রাফিক সিগন্যালগুলি সবসময় সচল রাখার ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে নির্দেশ দেন। এছাড়া তিনি বাধারঘাটে রামঠাকুর কলেজ মোড়ে জাতীয় সড়কের উপর একটি ফুট ওভার স্টিল ব্রিজ নির্মাণের জন্য উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী আগরতলা মোটরস্ট্যান্ডে নির্মীয়মান মাল্টি লেভেল কার পার্কিং-এর বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত হন। আগরতলা শহরের জল নিষ্কাশন এবং পার্কিং ব্যবস্থার উন্নতিকল্পে একটি কম্বাইনড প্রজেক্ট তৈরি করে কাজ করার জন্য আগরতলা স্মার্ট সিটি লিমিটেড-এর সি.ই.ও.-কে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

সভায় শহরের ট্রাফিক ব্যবস্থার উন্নয়নে গৃহীত বিভিন্ন উদ্যোগসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলোচনা করেন ট্রাফিক সুপার কান্তা জাঙ্গির। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব অপূর্ব রায়, নগর উন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান কে শশীকুমার সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ।

*****